AP-2 24/7/16

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর ঢাকা-১২০৭।

বিজ্ঞপ্তি

নং-৮০.১০২.০১১.০০.০০.০০৭.২০১৪-(অংশ-১)—২৬৩ তারিখ ঃ ২৪ /০৭/২০১৬ খ্রিঃ।

বিষয় ঃ ২য় শ্রেণি পদে মৌখিক পরীক্ষা গ্রহণ প্রসঙ্গে।

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন পাট অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ/যান্ত্রিক) এবং তথ্য মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ টেলিভিশিনের উপ-সহকারী প্রকৌশলী (মুক্তিযোদ্ধা ও মহিলা কোটা সংরক্ষিত) ও বিটিভির উখিয়া রিলে কেন্দ্রের উপ-সহকারী প্রকৌশলী ২য় শ্রেণির পদে সাময়িকভাবে যোগ্য প্রার্থীর মৌখিক পরীক্ষা আগামী ২৮/০৮/২০১৬ তারিখ সকাল-১০.৩০ ঘটিকায় বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ এ অনুষ্ঠিত হবে ।

২। সাময়িকভাবে যোগ্য প্রার্থীদের নামে ডাকযোগে মৌখিক পরীক্ষার সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হচ্ছে। যদি কোন যোগ্য প্রার্থী যথাসময়ে সাক্ষাৎকারপত্র না পেয়ে থাকেন সে ক্ষেত্রে আগামী **২৪ আগষ্ট**, ২০১৬ তারিখে পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি সত্যায়িত ছবিসহ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়,আগারগাঁও,শেরে বাংলা নগর,ঢাকা-১২০৭ (পরিচালক, ইউনিট-২) হতে ডুপ্লিকেট প্রবেশপত্র সংগ্রহ করতে পারবেন। সংশ্লিষ্ট প্রার্থী মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতার সকল মূল সনদ, আবেদনপত্র ক্রয়ের মূল রশিদ এবং মৌখিক পরীক্ষার প্রবেশপত্র সঙ্গে আনতে হবে। এছাড়াও চাকরিরত প্রার্থীকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সীলস্বাক্ষরিত মূল ছাড়পত্র দাখিল করতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না। উল্লেখ্য, মৌখিক পরীক্ষায় যোগ্য প্রার্থীদের মুল আবেদনপত্র (BPSC ফরম-৩) কমিশনের ওয়েব সাইট হতে ডাউনলোড করে প্রয়োজনীয় সকল সনদপত্রের সত্যায়িত কপিসহ ১ সেট কাগজপত্র সংশ্লিষ্ট বোর্ডে পরীক্ষার দিন জমা দিতে হবে

২৪.০৭.২০১৬

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক(নন-ক্যাডার)
(যুগ্ম-সচিব)।

[পড়াশুনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করুন]
[চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে]

press Bigopti-1